তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা 20 কলাম 2

# ময়মনসিংহ মেডিকেলের প্রধান ফটকে শিক্ষার্থীদের তালা

■ ময়মনসিংহ ব্যুরো

ময়মনসিংহ মেডিকেল কলেজে (মমেক) নিরাপত্তার দাবিতে ক্লাস বর্জন করে কলেজ ভবনের প্রধান ফটকে তালা ঝুলিয়ে শনিবার দিনভর বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানান, ময়মনসিংহ মেডিকেল কলেজের বাঘমারা ছাত্র হোস্টেল ও মহিলা হোস্টেলে অবস্থানরত শিক্ষার্থীদের নিরাপত্তা, প্রধান ফটক সংস্কার, সিসি ক্যামেরা ও পুলিশ ক্যাম্প স্থাপন, সীমানা প্রাচীরের দেয়াল উঁচুকরণ, বহিরাগতদের ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## ময়মনসিংহ

[শেষ পৃষ্ঠার পর]

আসা-যাওয়া বন্ধের দাবিতে শনিবার সকাল থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিল করেন। পরে কলেজের প্রধান ভবনের ফটকে তালা ঝুলিয়ে তিন ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। দাবি পূরণ না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনসহ তাদের আন্দোলন অব্যাহত থাকবে বলে তারা ঘোষণা দেন।

গত বৃহস্পতিবার শহরের কৃষ্টপুর এলাকার অপহৃত জাহাঙ্গীর নামের এক যুবককে হত্যার পর ময়মনসিংহ মেডিকেল কলেজের বাঘমারা হোস্টেলের সেপটিক ট্যাঙ্কে লাশ ফেলে রাখে সন্ত্রাসীরা। অপহরণের সাত দিন পর পুলিশ জাহাঙ্গীরের লাশ উদ্ধার করে। এ ঘটনার পর শিক্ষার্থীরা নিরাপত্তার দাবিতে শনিবার সকাল থেকে আন্দোলন শুরু করে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর